দৈনিক ইত্তেফাক



তারিখ 12 FEB 1989
পৃষ্ঠা 3 কলাম 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# গণশিক্ষা ছাড়া দেশের উন্নয়ন সম্ভব নয়

—শিক্ষামন্ত্রী

নেত্রকোনা, সংবাদদাতার তার: শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন, বাংলাদেশকে একটি সমৃদ্ধশালী ও কল্যাণমুখী রাষ্ট্র হিসাবে গড়িয়া তুলিতে হইলে দেশে গণশিক্ষার একান্ত প্রয়োজন। গত শুক্রবার নেত্রকোনা দত্ত হাইস্কুলের শতবার্ষিকী উৎসব ও প্রাক্তন ছাত্রদের পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতাকালে শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকারের শিক্ষানীতির মূল লক্ষ্য হইতেছে দেশের জনগণকে একটি কার্যকর জনশক্তিতে রূপান্তরিত করা।

জাতির ভবিষ্যৎ দায়িত্ব গ্রহণের জন্য তিনি ছাত্র-ছাত্রীদের পড়াশুনায় মনযোগ দেওয়ার পরামর্শ দেন।

নেত্রকোনার অতিরিক্ত জেলা প্রশাসক (সাধারণ) ফখরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে স্কুলের প্রধান শিক্ষক মিরাজউদ্দিন আহমেদ, জেলা প্রশাসক হারুনুর রশিদ ও নেত্রকোনা জেলা পরিষদ চেয়ারম্যান আশরাফউদ্দিন খান এমপি বক্তৃতা করেন।

পরে মন্ত্রী স্থানীয় মহিলা কলেজ পরিদর্শন ও কলেজের উন্নয়নের জন্য এক লক্ষ টাকা মঞ্জুর করেন।